তারিখ ... 14 JUN 1991 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

**The Bangladesh Observer**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

নম্বর ঃ মাধ্য/পনি–২৯

তারিখ ঃ ৮–২–১৩৯৮ বাংলা
২৩–৫–১৯৯১ ইং

## ১৯৯১ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পরিবর্তিত
## –ঃ।। সময় সূচী ।।ঃ–

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ১৯৯১ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়–সূচী ও তারিখ নিম্নে প্রদত্ত হইল (বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়–সূচী পরিবর্তন করিতে পারিবেন)।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা হইতে ১টা পর্যন্ত | দিন ও তারিখ | বিষয় ও সময়<br>বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত |
|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)–১ম পত্র | রবিবার<br>৩০–৬–৯১ | ১। বাংলা (আবশ্যিক)–২য় পত্র |
| ১। ইংরেজী (আবশ্যিক)–১ম পত্র | বুধবার<br>৩–৭–৯১ | ১। ইংরেজী (আবশ্যিক)–২য় পত্র |
| ১। উচ্চতর বাংলা<br>২। উচ্চতর ইংরেজী | বৃহস্পতিবার<br>৪–৭–৯১ | ১। সংগীত (তত্ত্বীয়) |
| ১। গণিত (আবশ্যিক) | রবিবার<br>৭–৭–৯১ | ১। কাঠের কাজ (তত্ত্বীয়)<br>২। সেবা বিজ্ঞান (তত্ত্বীয়) |
| ১। খাদ্য ও পরিপুষ্টি (তত্ত্বীয়) | সোমবার<br>৮–৭–৯১ | ১। আরবী<br>২। সংস্কৃত |
| ১। সাধারণ বিজ্ঞান–১ম পত্র (তত্ত্বীয়) | মঙ্গলবার<br>৯–৭–৯১ | ১। সমাজ বিজ্ঞান–১ম পত্র |
| ১। সাধারণ বিজ্ঞান–২য় পত্র (তত্ত্বীয়) | বৃহস্পতিবার<br>১১–৭–৯১ | ১। সমাজ বিজ্ঞান–২য় পত্র |
| ১। বাণিজ্যিক ভূগোল | শনিবার<br>১৩–৭–৯১ | ১। বস্ত্র ও পরিচ্ছদ (তত্ত্বীয়)<br>২। গৃহ নির্মাণ (তত্ত্বীয়) |
| ১। ভূগোল (আবশ্যিক) | রবিবার<br>১৪–৭–৯১ | ১। ফলিত বিদ্যুৎ শক্তি (তত্ত্বীয়) |
| ১। গৃহ পরিচালনা ও পারিবারিক জীবন | সোমবার<br>১৫–৭–৯১ | ১। ব্যবসায় পদ্ধতি ও বাণিজ্য লিপি |
| ১। ইসলাম ধর্ম ২। হিন্দু ধর্ম<br>৩। বৌদ্ধ ধর্ম ৪। খৃষ্টান ধর্ম | মঙ্গলবার<br>১৬–৭–৯১ | ১। টাইপ লিখন (তত্ত্বীয়)<br>২। লোহা লক্কড়ের কাজ (তত্ত্বীয়) |
| ১। বাণিজ্যিক গণিত ও হিসাব রক্ষণ | বুধবার<br>১৭–৭–৯১ | ১। জ্যামিতিক ও কারিগরি অংকন (তত্ত্বীয়) |
| ১। বিজ্ঞান (কলা শাখার জন্য ) | বৃহস্পতিবার<br>১৮–৭–৯১ | ১। উচ্চতর গণিত |

**বিঃ দ্রঃ–প্রশ্নপত্রে উল্লেখিত সময় অনুযায়ী পরীক্ষা গৃহীত হইবে।**

১। ২৭–৭–৯১ শনিবার সকাল ৯–০০ ঘটিকায় সংগীত ব্যবহারিক পরীক্ষা বোর্ড অফিস ভবনে অনুষ্ঠিত হইবে। সংগীত ব্যবহারিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নির্ধারিত তারিখে সকাল ৯–০০ ঘটিকায় পরীক্ষার্থীদের নিজ নিজ বাদ্যযন্ত্রসহ নিজ খরচে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে উপস্থিত হইতে হইবে। তাহাদিগকে নিজ নিজ প্রবেশ পত্র অবশ্যই সংগে আনিতে হইবে। পরীক্ষার সময় পরীক্ষার্থীকে সংশ্লিষ্ট সচিব কর্তৃক ভারপ্রাপ্ত কোন অফিসার/শিক্ষক দ্বারা সনাক্তকৃত হইতে হইবে।

২। নিয়মিত পরীক্ষার্থীগণ তাহাদের প্রবেশপত্র নিজ নিজ প্রধান শিক্ষকের নিকট হইতে এবং প্রাইভেট পরীক্ষার্থীগণ তাহাদের প্রবেশ পত্র নিজ নিজ কেন্দ্র সচিবের নিকট হইতে সংগ্রহ করিবে।

৩। প্রত্যেক পরীক্ষার্থীই নিজ নিজ উত্তর পত্রে তাহাদের পরীক্ষার রোল নম্বর এবং রেজিষ্ট্রেশন নম্বর স্পষ্টাক্ষরে লিখিবে।

৪। ব্যবহারিক পরীক্ষা ২০–৭–৯১ তারিখে আরম্ভ হইবে এবং ৫–৮–৯১ তারিখের মধ্যে সমাপ্ত হইবে। ব্যবহারিক পরীক্ষার সঠিক তারিখ সময়–সূচী ও স্থান কেন্দ্র সচিবের নিকট হইতে জানিয়া লইতে হইবে।

৫। সাধারণ বিজ্ঞান অথবা সমাজ বিজ্ঞান বিষয়ে দুই পত্র মিলাইয়া পাশের জন্য কমপক্ষে ৬৬ নম্বর পাইতে হইবে। সাধারণ বিজ্ঞান বিষয়ে তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পৃথক পৃথক ভাবে পাশ করিতে হইবে।

৬। টাইপ লিখন, সেবা বিজ্ঞান, জ্যামিতিক ও কারিগরি অংকন, ফলিত বিদ্যুৎ শক্তি ও গৃহ নির্মাণ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা জেলা সদরের কেন্দ্রে এবং কাঠের কাজ ও লোহা লক্কড়ের কাজ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্রে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হইবে।

**মোঃ নুরুল আলম**
পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

ডি এফ পি (স) ৭০৫৫/১১–৬

জিসি–৭৬৭

05